

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৪২৩

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৫

কেভিকে ধলাইতে প্রাণীপালন বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচি



রাজ্যের কৃষকদের জীবন জীবিকার মান উন্নয়নে প্রাণীসম্পদ ও পোল্ট্রি চাষের গুরুত্ব নিয়ে আজ কৃষি বিজ্ঞান কেন্দ্র ধলাইতে এক প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্র, ধলাই এবং ন্যাশনাল ডেয়ারি রিসার্চ ইনস্টিটিউট (এনডিআরআই) পূর্বাঞ্চলীয় স্টেশন, কলকাতা এর যৌথ উদ্যোগে এই প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করা হয়। এই প্রশিক্ষণ কর্মসূচিতে ধলাই জেলার বিভিন্ন প্রান্তের প্রাণীপালকগণ অংশগ্রহণ করেন।

প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন সালেমা বিএসির চেয়ারম্যান বিমল দেববর্মা। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে এনডিআরআই পূর্বাঞ্চলীয় স্টেশনের মুখ্য বিজ্ঞানী ডা. এ মন্ডল গৃহপালিত প্রাণীর পুষ্টি, স্বাস্থ্যসেবা, প্রজনন ব্যবস্থার উপর বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে জোর দিতে, প্রাণীসম্পদ পালনে উদ্ভাবনী পদ্ধতি গ্রহণ করার জন্য তিনি সকলকে আহ্বান জানান। বক্তব্য রাখতে গিয়ে কেভিকে ধলাইয়ের বরিশ্ঠ বিজ্ঞানী ড. অভিজিৎ দেবনাথ বলেন, আধুনিক প্রাণীপালন পদ্ধতি নিয়ে রাজ্যের কৃষকদের আরও বেশি সচেতন হওয়া প্রয়োজন। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন এনডিআরআই-এর মুখ্য বিজ্ঞানী ডা. টি কে দত্ত, সহকারি প্রশাসনিক আধিকারিক অনু মান প্রমুখ। শেষ পর্যায়ে প্রাণীপালকগণদের সাথে বিশেষজ্ঞদের মতবিনিময় অনুষ্ঠিত হয়।
